

ইষ্ট বাসনা

পরাণ ব্যাকুল আকুলিত হিয়া
দোলে দোলে বাদলে চঞ্চল দিয়াঁ
দরশন পিয়াসায় পিয়াসী প্রাণমন
আঁখিয়া ছল ছল পরখে অনুক্ষণ।

মরমে মরমে মোর মিলনাকাঙ্ক্ষা
পলে পলে অনুক্ষণ অজানা আশঙ্কা
বিরহে মথুর বিরহক্লেশ-
মিলনে মিলিবে তৃপ্তি বিশেষ।

মনেরে শুধাই সেই বিশেষ দেশ
কোথা সে বিরাজে আশ্চর্য্য বিশেষ ?
রিপু, ইন্দ্রিয়, বুদ্ধি জটিল এতো দ্বারী
মিলিত, একত্র, সঙ্গে অহঙ্কারী !

কপাট খোলে না, যদিও ব্যাকুল হৃদয়
যতনে যাক্ষণা আমার, তথাপি নির্দয় !
একেলা দীন হেন সামান্য জন
সাধ্য নাহি পাড়িব সহস্র যোজন !

কৃপার সাগর যিনি, সেই দেশে যাঁর বাস
আমারে পাড়িতে কি তাঁহার হবে অবকাশ ?
ব্যাকুলিত বাদলে একেলা বসি
আকুলিত হৃদয়ে তাই চাহিয়া আছি।